Dr. S. R. Lasker Library
EAST WEST UNIVERSITY
Plot No-A/2, Jahurul Islam City, Aftabnagar, Dhaka-1212

দায়িত্বশীলদের দৈনিক
দেশ রূপান্তর
২৮-১০-২০২৫

# ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'গ্লোবাল মিডিয়া এন্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ উদযাপন




ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'গ্লোবাল মিডিয়া এন্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ উদ্‌যাপন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইনফরমেশন স্টাডিজ বিভাগের উদ্যোগে ২৪ অক্টোবর থেকে ৩১ অক্টোবর সপ্তাহব্যাপী 'গ্লোবাল মিডিয়া এন্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ উদ্‌যাপন চলছে। এই আয়োজনে সহযোগিতা করছে ইউনেস্কো ঢাকা অফিস এবং মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি নেটওয়ার্ক বাংলাদেশ। এই আয়োজনের মধ্যে রয়েছে র‍্যালি, বিতর্ক প্রতিযোগিতা, কুইজ, সচেতনতামূলক অনুষ্ঠান ও বিশেষজ্ঞ আলোচনা।

মঙ্গলবার (২৮ অক্টোবর) অনুষ্ঠিত হয় 'ইন্টিগ্রেশন অফ মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি ইন হায়ার এডুকেশন' শীর্ষক একটি প্যানেল আলোচনা। এতে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড এর চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. ফরাসউদ্দিন। আলোচনায় অংশ নেন, ইউনেস্কো বাংলাদেশের আবাসিক প্রতিনিধি, ড. সুসান ভাইজ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য, অধ্যাপক ড. শামস রহমান, এবং ঢাকা বিশ্ববিদ্যালইয়ের অধ্যাপক. ড. কাজী মোস্তাক গাউসুল হক।

বক্তারা তাদের বক্তব্যে বর্তমান ডিজিটাল যুগে মিডিয়া ও তথ্য সাক্ষরতার গুরুত্ব তুলে ধরেন। তারা জোর দেন যে এই সাক্ষরতা মানুষের সমালোচনামূলক চিন্তাভাবনা, প্রযুক্তির নৈতিক ব্যবহার এবং সচেতন নাগরিক হিসেবে গঠনে অপরিহার্য। আলোচনায় মিডিয়া ও তথ্য সাক্ষরতার ইকোসিস্টেমকে শক্তিশালী করার জন্য স্থানীয় ও আন্তর্জাতিকভাবে শক্তিশালী নেটওয়ার্ক ও সহযোগিতা গড়ে তোলার গুরুত্বও তুলে ধরা হয়। সেইসাথে আলোচনায় ডিজিটাল বিশ্বে বিভ্রান্তিমূলক তথ্য, ভুল তথ্য ও অসৎ তথ্য কার্যকরভাবে মোকাবিলা করার জন্য ক্রিটিক্যাল থিংকিং দক্ষতা বিকাশের আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে শিক্ষক, তথ্য পেশাজীবী, ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসা শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।